



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/21/2022

গভর্নর ক্যাথি হোকল

ঐতিহাসিক শীতকালীন ঝড়ের প্রতি সাড়া দিয়ে দাবিগুলো ত্বরান্বিত করতে সাহায্য করার জন্য আর্থিক পরিষেবা বিভাগকে গভর্নর হোকলের নির্দেশ প্রদান

নিউ ইয়র্কবাসীদেরকে বিমা সংক্রান্ত প্রশ্নের জন্য DFS-এর ডিজাস্টার হটলাইনে (800) 339-1759 নম্বরে ফোন করার জন্য উৎসাহিত করা হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজ বাফেলো ও ওয়াটারটাউন এলাকায় আঘাত হানা শীতকালীন ঝড়ের পরিপ্রেক্ষিতে বিমার দাবিগুলো প্রক্রিয়া করা ত্বরান্বিত করতে, স্টেটের বাইরের যোগ্য স্বতন্ত্র বিমা সমন্বয়কারীদেরকে অস্থায়ী সমন্বয়কারী পারমিট ইস্যু করার জন্য, আর্থিক পরিষেবা বিভাগকে (Department of Financial Services, DFS) নির্দেশ দিয়েছেন। পারমিট প্রদান ত্বরান্বিত করা দাবিগুলো প্রক্রিয়া করার জন্য লভ্য সমন্বয়কারীর সংখ্যা বৃদ্ধি করবে এবং নিউ ইয়র্কবাসীদেরকে তাদের দাবিগুলোর অর্থ দ্রুততর সময়ে পেতে সাহায্য করবে। বিমাকারীদেরকে আর্থিক পরিষেবা বিভাগের ওয়েবসাইটে যেকোনো প্রয়োজনীয় আবেদন জমা দেওয়ার জন্য উৎসাহিত করা হচ্ছে।

"এই ঐতিহাসিক শীতকালীন ঝড়ের পরে নিউ ইয়র্কের ব্যবসা প্রতিষ্ঠান ও বাড়ির মালিকদের কাছে ত্রাণ পৌঁছে দেওয়ার জন্য আমার প্রশাসন আমাদের কাছে থাকা প্রতিটি হাতিয়ারকে কাজে লাগাচ্ছে," বলেছেন গভর্নর হোকল। "বাফেলো এবং ওয়াটারটাউন এলাকার অধিবাসীদেরকে সহায়তা করার জন্য সার্বক্ষণিকভাবে আমাদের কাজ করে যাওয়ার এই সময়ে, এই নতুন নির্দেশনা অভাবী নিউ ইয়র্কবাসীদের বিমার দাবিগুলো প্রক্রিয়া করা ত্বরান্বিত করবে এবং আমাদের পুনরুদ্ধার প্রচেষ্টার গতি বৃদ্ধি করবে। আমি সব নিউ ইয়র্কবাসীর প্রতি তাদের কমিউনিটি ও বাড়িগুলো পুনর্নির্মাণ করতে সাহায্য করার জন্য যথাসীম্ব সম্ভব দাবি জমা দেওয়ার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।"

আর্থিক পরিষেবা বিভাগের সুপারিন্টেন্ডেন্ট অ্যাড্রিন এ. হ্যারিস বলেন, "শীতকালীন ঝড়ের সাথে সম্পর্কিত বিমা সংক্রান্ত প্রশ্ন ও দাবিগুলোর ব্যাপারে ক্ষতিগ্রস্ত বাড়ির মালিক এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সাহায্য করার জন্য DFS প্রস্তুত রয়েছে। DFS ওয়েস্টার্ন, সেন্ট্রাল ও নর্দান নিউ ইয়র্কে সম্পত্তির ক্ষয়ক্ষতির প্রতি সাড়া দানকারীদের জন্য অস্থায়ী সমন্বয়কারী পারমিট ইস্যু করবে, এবং এসব কমিউনিটিকে পুনর্নির্মাণ ও পুনরুদ্ধারের ক্ষেত্রে সাহায্য করার জন্য আমরা সঙ্গী স্টেট সংস্থা ও স্থানীয় অংশীদারদের সাথে অংশীদার হয়ে জরুরি সাড়া দান প্রচেষ্টায় সহায়তা করা চালিয়ে যাবো।"

শীতকালীন ঝড়ের তীব্রতা এবং বাড়ির মালিক ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোর ক্ষয়ক্ষতির ব্যাপ্তির কারণে, বিমা শিল্পের জন্য ন্যায্যতার সঙ্গে ও দ্রুত গতিতে সব দাবি নিষ্পত্তি করা এবং এর জন্য প্রয়োজনীয় সংস্থানসমূহ সরবরাহ করার জন্য কাজ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই জরুরি পরিস্থিতিতে, সব বিমাকারী নিম্নোক্ত উপায়ে নিজেদের ভূমিকাটুকু পালন করবেন বলে DFS প্রত্যাশা করছে:

- দাবিকারীদের জমা দেওয়া বিমার দাবি দ্রুত গতিতে প্রক্রিয়া করা এবং তদন্ত করা;
- দাবিকারীদেরকে যুক্তিসঙ্গত প্রমাণের আইটেম যেমন, ছবি বা ভিডিও রেকর্ডিং (সশরীরে পরিদর্শন করার প্রয়োজন হওয়া ব্যতিরেকে); প্রযোজ্য ক্ষেত্রে, উপাদানের নমুনা; ইনভেন্টরি; এবং সম্পত্তির যেকোনো মেরামত বা প্রতিস্থাপনের রসিদ প্রদান করার সুযোগ দেওয়া; এবং
- দাবিকারীদেরকে স্বাস্থ্য বা নিরাপত্তা রক্ষার জন্য অপরিহার্য হলে, ক্ষতিগ্রস্ত সম্পত্তি অবিলম্বে মেরামত করে নেওয়ার জন্য অনুমতি দেওয়া।

DFS পরিস্থিতি তদারকি করা অব্যাহত রাখবে এবং ক্ষতিগ্রস্ত অধিবাসী ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে বিমা সম্পর্কিত সমস্যাগুলোর ক্ষেত্রে সহায়তা করবে।

এছাড়াও অধিবাসীরা প্রতিদিন সকাল ৪:৩০টা থেকে বিকাল ৪:৩০টা পর্যন্ত এই ডিপার্টমেন্টের ডিজাস্টার হটলাইনে ৮০০-৩৩৯-১৭৫৯ নম্বরে ফোন করে এবং www.dfs.ny.gov ঠিকানায় ডিপার্টমেন্টের ওয়েবসাইট অ্যাক্সেস করে ক্ষয়ক্ষতির জন্য পলিসি কভারেজ সম্পর্কে এবং কিভাবে তাদের ক্ষয়ক্ষতির বিবরণ নথিভুক্ত করতে হবে এবং তাদের সম্পত্তি সুরক্ষিত রাখতে হবে সে সম্পর্কে বিমা সংক্রান্ত তথ্যের ব্যাপারে সহায়তা পেতে পারবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418